

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
আইটি শাখা
পরিবেশ ভবন, ই-১৬, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

স্মারক নং-২২.০২.০০০০.০৩৩.০৫৪.২২.২১- ২০৮

তারিখ: ১১/১৪২৮ বঙ্গাব্দ
/০৩/২০২২ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) ব্যবস্থায় ছাড়পত্র গ্রহণে উদ্যোক্তাদের উদ্বুদ্ধকরণ

দেশের শিল্প উদ্যোক্তাগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিনিয়োগ বিকাশ বর্তমান সরকারের একটি বিশেষ উদ্যোগ। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) সংশ্লিষ্ট সরকারি দপ্তর/সংস্থার সহযোগিতায় উদ্যোক্তাগণকে এককেন্দ্রিক বিনিয়োগ সেবা প্রদানের মাধ্যমে এ উদ্যোগ বাস্তবায়ন করছে। বিনিয়োগ সংশ্লিষ্ট প্রাসঙ্গিক সরকারি পরিষেবাগুলো দ্রুত, হয়রানিমুক্ত এবং ব্যয়-সাশ্রয়ী করে প্রদানের লক্ষ্যে সরকার “ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮” এবং “ওয়ান স্টপ সার্ভিস (বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ) বিধিমালা, ২০২০” প্রণয়নপূর্বক কার্যকর করছে। এই আইন ও বিধিমালা মোতাবেক উদ্যোক্তাগণ সকল পরিষেবা বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে গ্রহণ করতে পারবে।

এ লক্ষ্যে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)র অনলাইন ওএসএস সিস্টেমের সঙ্গে পরিবেশ অধিদপ্তরের অনলাইন সিস্টেমকে সংযুক্ত করা হয়েছে। ফলে উদ্যোক্তাগণ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের ওএসএস সিস্টেমের মাধ্যমে পরিবেশ অধিদপ্তরের নিম্নোক্ত সেবাসমূহ গ্রহণ করতে পারবেন।

- ১। অবস্থানগত ছাড়পত্র ;
- ২। অবস্থানগত ছাড়পত্র নবায়ন;
- ৩। পরিবেশগত ছাড়পত্র ;
- ৪। পরিবেশগত ছাড়পত্র নবায়ন এবং
- ৫। পরিবেশগত প্রভাব নিরূপণ (ইআইএ) অনুমোদন।

উপর্যুক্ত সেবাসমূহ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)র ওএসএস পোর্টালের মাধ্যমে গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

মহাপরিচালক